বিজনেস স্টাডিজ অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়

‘ব্যবসায় শিক্ষা’ ইউনিট

ভর্তি-নির্দেশিকা

আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম

শিক্ষাবর্ষ : ২০২৬-২০২৭

পরীক্ষার তারিখ	২৬ ডিসেম্বর ২০২৬, শনিবার
প্রবেশপত্র ডাউনলোড	০৭ ডিসেম্বর ২০২৬ হতে ২৬ ডিসেম্বর ২০২৬ সকাল ১০:০০ টা পর্যন্ত
পরীক্ষার সময়	সকাল ১১:০০টা - দুপুর ১২:৩০ মিনিট
পরীক্ষার সময়কাল	১ ঘণ্টা ৩০ মিনিট
পরীক্ষা কেন্দ্রে প্রবেশ	সকাল ১০:৩০ মিনিট

Dean (Acting)
Faculty of Business Studies
University of Dhaka.

ভর্তির যোগ্যতা ও প্রাথমিক আবেদনপত্র

১। (ক) ২০২৬ সনের উচ্চ মাধ্যমিক পর্যায়ে ব্যবসায় শিক্ষা/'এ' লেভেল/ বিজনেস ম্যানেজমেন্ট-এ উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

(খ) ২০২৬ সনের উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান/মানবিক শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

২। **ব্যবসায় শিক্ষা শাখার জন্য প্রযোজ্য:**

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য ব্যবসায় শিক্ষায় উচ্চ মাধ্যমিক এবং বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যাদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত (৪র্থ বিষয়সহ) জিপিএ-র যোগফল অন্তত ৭.৫০ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.০) আছে কেবল তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজনেস ম্যানেজমেন্ট গ্রুপ থেকে আগত প্রার্থীদের একাউন্টিং বিষয়টি অবশ্যই থাকতে হবে এবং উক্ত বিষয়ে গ্রেড পয়েন্ট ন্যূনতম ৩.০ থাকতে হবে।

৩। **বিজ্ঞান শাখার জন্য প্রযোজ্য:**

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখার পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যাদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত (৪র্থ বিষয়সহ) জিপিএ-র যোগফল অন্তত ৮.০০ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.৫) আছে কেবল তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০০ নম্বরের গণিত (আবশ্যিক/ঐচ্ছিক) বিষয়টি অবশ্যই থাকতে হবে এবং উক্ত বিষয়ে গ্রেড পয়েন্ট ন্যূনতম ৩.৫ থাকতে হবে।

৪। **মানবিক শাখার জন্য প্রযোজ্য:**

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক শাখার পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে যাদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত (৪র্থ বিষয়সহ) জিপিএ-র যোগফল অন্তত ৭.৫০ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.০) আছে কেবল তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০০ নম্বরের অর্থনীতি (আবশ্যিক/ঐচ্ছিক) বিষয়টি অবশ্যই থাকতে হবে এবং উক্ত বিষয়ে গ্রেড পয়েন্ট ন্যূনতম ৩.০ থাকতে হবে।

৫। **IGCSE/O-Level এবং IAL/GCE A-Level পাস প্রার্থীর ক্ষেত্রে:**

(ক) যেসব প্রার্থী ২০২১ সাল অথবা তার পরবর্তী সময়ে IGCSE/O-Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ১৬ নভেম্বর ২০২৫ তারিখের পরে ফলাফল প্রকাশিত হয়েছে এমন IAL/GCE A-Level এমন পরীক্ষায় ২টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। যাদের A-Level-এ **Business Studies/Accounting/Economics/Mathematics**-এর মধ্যে যে কোনো একটি বিষয় ছিল, কেবল তারাই আবেদন করতে পারবে।

O-Level পরীক্ষায় সর্বোচ্চ গ্রেডপ্রাপ্ত ৫ টি এবং A-Level পরীক্ষায় সর্বোচ্চ গ্রেডপ্রাপ্ত ২টি বিষয়ের সমতুল্য জিপিএ-এর গাণিতিক গড়ের ভিত্তিতে যথাক্রমে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক সমতুল্য জিপিএ নির্ধারন করা হবে। নির্বাচিত মোট ৭টি বিষয়ের কোনোটিতেই Numerical Grade ৩ বা Alphabetical Grade D অথবা তার নিম্নবর্তী গ্রেড থাকা যাবে না।

সমতুল্য জিপিএ নির্ধারণের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রকাশিত 'সমতুল্যতা নির্ধারণ নীতিমালা-২০২৫' অনুযায়ী নিম্নোক্ত গ্রেডিং পদ্ধতি অনুসরন করা হবে:

Alphabetical Grade	Numerical Grade	সমতুল্য গ্রেড	সমতুল্য জিপিএ
A*	8/9	A+	৫.০০
A	7	A	৪.০০
B (70% to 74%)	6	A	৪.০০
B (60% to 69%)	5	A-	৩.৫০
C	4	B	৩.০০

অন্যান্য সমমানের বিদেশী শিক্ষাক্রম বা পরীক্ষার ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রকাশিত 'সমতুল্যতা নির্ধারণ নীতিমালা-২০২৫' অনুসরন করা হবে।

Dean (Acting)
Faculty of Business Studies
University of Dhaka.

উল্লেখ্য, যারা ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় আবেদন করেছে তারা ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় আবেদন করতে পারবে না।

(খ) 'ও' লেভেল/'এ' লেভেল/সমমান বিদেশি পাঠ্যক্রমে বা উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপণের জন্য https://admission.eis.du.ac.bd ওয়েব সাইটে গিয়ে শিক্ষার্থী "সমমান আবেদন" বা "Equivalence Application" মেন্যুতে আবেদন করে তাৎক্ষণিকভাবে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপণের পর প্রাপ্ত "Equivalence ID" ব্যবহার করে সাধারণ শিক্ষার্থীদের মতো তারাও একই ওয়েবসাইটে লগ ইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

৬। আবেদনকারীকে ১১/১১/২০২৬ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২৫/১১/২০২৬ তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে DU Admission Website (https://admission.eis.du.ac.bd)-এ অনলাইনে আবেদন করতে হবে। ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিকের তথ্য, বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র নম্বর (ঐচ্ছিক), শিক্ষার্থী যে ৫টি বিভাগীয় শহরের কেন্দ্রে পরীক্ষা দিতে আগ্রহী ঐ কেন্দ্রের নাম, কোটা সংক্রান্ত তথ্য এবং স্ক্যান করা একটি ছবির প্রয়োজন পড়বে। ভর্তির আবেদন ফি সাথে সাথে অনলাইনে বা ৪টি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী) যে কোনো শাখায় নির্ধারিত সময়সীমার মধ্যে জমা প্রদান করা যাবে। আবেদন ও ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য উক্ত ওয়েব সাইটে পাওয়া যাবে। অনলাইনে অথবা ব্যাংকে টাকা জমা দেওয়া না হলে আবেদনকারী সংশ্লিষ্ট ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৭। ভর্তি পরীক্ষা ২৬ ডিসেম্বর ২০২৬, শনিবার সকাল ১১:০০ টায় শুরু হবে।

৮। ভর্তির আবেদন https://admission.eis.du.ac.bd ওয়েবসাইটের মাধ্যমে করা যাবে। ভর্তি পরীক্ষা পাঁচ (৫) টি বিভাগীয় শহরে অনুষ্ঠিত হবে (ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয় ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়)।

৯। পরীক্ষা বহুনির্বাচনি (MCQ) ও লিখিত উভয় পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। বহুনির্বাচনি (MCQ) পরীক্ষা ৪৫ মিনিট এবং লিখিত পরীক্ষা ৪৫ মিনিটের হবে। উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের নির্দেশাবলি অংশে বর্ণিত থাকবে।

১০। বহুনির্বাচনি (MCQ) ও লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ভিত্তিতে মেধাস্কোর নির্ধারিত হবে।

১১। মোট ১২০ নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীদের মেধা তালিকা তৈরি করা হবে। বহুনির্বাচনি (MCQ) ও লিখিত পরীক্ষা মিলে ১০০ নম্বর নির্ধারিত থাকবে এবং অবশিষ্ট ২০ নম্বর মাধ্যমিক পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ ২ দিয়ে এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ ২ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ১২০ নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীদের মেধা তালিকা তৈরি করা হবে।

এসএসসি ও এইচএসসি /'ও' লেভেল ও 'এ' লেভেল	=	২০
বহুনির্বাচনি (MCQ) অংশ	=	৬০
লিখিত পরীক্ষা অংশ	=	৪০
মোট নম্বর	=	১২০

দুই বা ততোধিক প্রার্থীর মেধাস্কোর একই হলে ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারিত হবে। এক্ষেত্রে স্কোর সমান হলে প্রার্থীদের ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়ে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারিত হবে।
এরপরও স্কোর সমান হলে পর্যায়ক্রমে নিম্নলিখিত মানদন্ডের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে:

- উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয় ব্যতীত;
- উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয়সহ;
- মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয় ব্যতীত;
- মাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA ৪র্থ বিষয়সহ;

পর্যায়ক্রমে উল্লিখিত মানদন্ডসমূহ প্রয়োগ করে যদি প্রার্থীদের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা না যায় তাহলে কর্তৃপক্ষ অন্য যথার্থ মানদন্ড প্রয়োগ করে ক্রম নির্ধারণ করবেন; প্রতিটি ক্ষেত্রেই এই অতিরিক্ত সংখ্যক মানদন্ড সমভাবে প্রয়োগ করা হবে।

১২। বহুনির্বাচনি (MCQ) পরীক্ষায় প্রতি চারটি ভুল উত্তর প্রদানের জন্য একটি শুদ্ধ উত্তরের নম্বর কর্তন করা হবে। অর্থাৎ প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে।

১৩। পরীক্ষার উদ্দেশ্য হবে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অর্জিত জ্ঞান যাচাই করা। উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠ্যসূচির ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে। ভর্তি পরীক্ষার নম্বর বণ্টন হবে নিম্নরূপ:

Dean (Acting)
Faculty of Business Studies
University of Dhaka.

- ব্যবসা শিক্ষা শাখা

ক) বহুনির্বাচনি (MCQ) অংশ	নম্বর
বাংলা (আবশ্যিক)	১২ x ১ = ১২
ইংরেজি (আবশ্যিক)	১২ x ১ = ১২
হিসাববিজ্ঞান (আবশ্যিক)	১২ x ১ = ১২
ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (আবশ্যিক)	১২ x ১ = ১২
উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন অথবা ফিন্যান্স,ব্যাংকিং ও বিমা	১২ x ১ = ১২
	মোট নম্বর = ৬০

খ) লিখিত অংশ:	নম্বর
বাংলা থেকে ইংরেজি অনুবাদ	(৪ x ১) = ৪
ইংরেজি থেকে বাংলা অনুবাদ	(৪ x ১) = ৪
ভুল সংশোধনী (বাংলা)	= ৪
ভুল সংশোধনী (ইংরেজি)	= ৪
বাণিজ্য বিষয়:	
হিসাববিজ্ঞান (আবশ্যিক)	= ৮
ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (আবশ্যিক)	= ৮
উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন অথবা ফিন্যান্স,ব্যাংকিং ও বিমা	= ৮
	মোট নম্বর = ৪০

- বিজ্ঞান ও মানবিক শাখা

ক) বহুনির্বাচনি (MCQ) অংশ	নম্বর
বাংলা (আবশ্যিক)	১২ x ১ = ১২
ইংরেজি (আবশ্যিক)	১২ x ১ = ১২
আইসিটি (আবশ্যিক)	১২ x ১ = ১২
গণিত অথবা অর্থনীতি (যে কোনো ১টি)	২৪ x ১ = ২৪
	মোট নম্বর = ৬০

খ) লিখিত অংশ:	নম্বর
বাংলা থেকে ইংরেজি অনুবাদ	(৫ x ১) = ৫
ইংরেজি থেকে বাংলা অনুবাদ	(৫ x ১) = ৫
ভুল সংশোধনী (বাংলা)	= ৫
ভুল সংশোধনী (ইংরেজি)	= ৫
আইসিটি (আবশ্যিক)	= ১০
গণিত অথবা অর্থনীতি (যে কোনো ১টি)	= ১০
	মোট নম্বর = ৪০

- **A Level /Equivalent**

(a) MCQ Section	Marks
English (Compulsory)	16
Advanced English (Compulsory)	12
Business Subjects (Any Two):	
Business Studies	16
Accounting	16
Economics	16
Mathematics	16
	Total = 60

(b) Written Section	Marks
Essay writing	= 10
Error Correction	= 10
Business Subjects (Any Two):	
Business Studies	= 10
Accounting	= 10
Economics	= 10
Mathematics	= 10
	Total = 40

Dean (Acting)
Faculty of Business Studies
University of Dhaka.

মেধাতালিকা প্রকাশ ও করণীয়

১৪। (ক) **ব্যবসায় শিক্ষা শাখা:** ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ৮৫৬ জন ও বিভিন্ন কোটায় ৭৪ জন প্রার্থীকে ভর্তির জন্য বিবেচনা করা হবে। তবে বহুনির্বাচনি (MCQ) অংশে ইংরেজিতে ন্যূনতম ০৫ এবং সর্বমোট ২৪ নম্বর পেতে হবে। এছাড়া লিখিত অংশের ন্যূনতম গ্রহণযোগ্য নম্বর ১২। তবে বহুনির্বাচনি (MCQ) এবং লিখিত উভয় অংশ মিলে ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। ভর্তির উপর্যুক্ত শর্তসমূহ কোটাসহ সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে। বহুনির্বাচনি (MCQ) পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে মেধাক্রমানুসারে আসন সংখ্যার ন্যূনতম ৩ গুণ প্রার্থীর লিখিত উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

(খ) **বিজ্ঞান শাখা:** ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ৮৭ জন ও বিভিন্ন কোটায় ৮ জন প্রার্থীকে ভর্তির জন্য বিবেচনা করা হবে। তবে বহুনির্বাচনি (MCQ) অংশে ইংরেজিতে ন্যূনতম ০৫ এবং সর্বমোট ২৪ নম্বর পেতে হবে। এছাড়া লিখিত অংশের ন্যূনতম গ্রহণযোগ্য নম্বর ১২। তবে বহুনির্বাচনি (MCQ) এবং লিখিত উভয় অংশ মিলে ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। ভর্তির উপর্যুক্ত শর্তসমূহ কোটাসহ সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে। বহুনির্বাচনি (MCQ) পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে মেধাক্রমানুসারে আসন সংখ্যার ন্যূনতম ৩ গুণ প্রার্থীর লিখিত উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

(গ) **মানবিক শাখা:** ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ২৩ জন ও বিভিন্ন কোটায় ২ জন প্রার্থীকে ভর্তির জন্য বিবেচনা করা হবে। তবে বহুনির্বাচনি (MCQ) অংশে ইংরেজিতে ন্যূনতম ০৫ এবং সর্বমোট ২৪ নম্বর পেতে হবে। এছাড়া লিখিত অংশের ন্যূনতম গ্রহণযোগ্য নম্বর ১২। তবে বহুনির্বাচনি (MCQ) এবং লিখিত উভয় অংশ মিলে ন্যূনতম ৪০ নম্বর পেতে হবে। ভর্তির উপর্যুক্ত শর্তসমূহ কোটাসহ সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হবে। বহুনির্বাচনি (MCQ) পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে মেধাক্রমানুসারে আসন সংখ্যার ন্যূনতম ৩ গুণ প্রার্থীর লিখিত উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

ভর্তির জন্য নির্বাচিত ৯৬৬ জন প্রার্থীকে মেধাক্রম অনুসারে এবং ৮৪ জন প্রার্থীকে বিভিন্ন কোটা অনুসারে নিম্নলিখিত ৯টি বিভাগে ভর্তির জন্য বিবেচনা করা হবে:

বিভাগের নাম	ব্যবসায় শিক্ষা হতে		বিজ্ঞান শাখা হতে		মানবিক শাখা হতে		কোটাসহ মোট ভর্তিযোগ্য শিক্ষার্থীর সংখ্যা
	মেধা	কোটা	মেধা	কোটা	মেধা	কোটা	
একাউন্টিং	১২৪	১১	১১	১	৩	০	১৫০
ম্যানেজমেন্ট	১২৪	১১	১১	১	৩	০	১৫০
মার্কেটিং	১২৪	১১	১১	১	৩	০	১৫০
ফিন্যান্স	১২৪	১১	১২	০	৩	০	১৫০
ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স	৮৩	৭	৭	১	২	০	১০০
ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস	৮৩	৭	৭	১	২	০	১০০
ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট	৮৩	৭	৭	১	১	১	১০০
ইন্টারন্যাশনাল বিজনেস	৮৩	৭	৭	১	২	০	১০০
অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ	২৮	২	১৪	১	৪	১	৫০
কোটাসহ মোট ভর্তিযোগ্য শিক্ষার্থীর সংখ্যা	৮৫৬	৭৪	৮৭	০৮	২৩	০২	১০৫০

১৫। কোটায় ভর্তিচ্ছু প্রার্থীর করণীয়

ক্ষুদ্র নৃগোষ্ঠী, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক, নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস) ও হিজড়া, হরিজন ও দলিত সম্প্রদায়, মুক্তিযোদ্ধার সন্তান কোটায় ভর্তির আবেদন করতে পারবে। অনলাইনে আবেদন করার সময় সংশ্লিষ্ট কোটায় টিক চিহ্ন দিতে হবে এবং যারা ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হবে, কেবল তারাই ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর কোটার জন্য আবেদন করতে পারবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলে, প্রার্থী অনলাইনে যে কোটার ঘর পূরণ করেছে তাকে সে কোটার যোগ্যতার প্রমাণ ও ভর্তি পরীক্ষার প্রবেশপত্র দেখিয়ে নির্ধারিত ফরম কোটার বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ের মধ্যে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ এবং তা যথাযথভাবে পূরণ করে অবশ্যই জমা দিতে হবে। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র, ক্ষুদ্র নৃগোষ্ঠী কোটার ক্ষেত্রে স্ব-স্ব ক্ষুদ্র নৃগোষ্ঠী ও জেলা প্রশাসনের সনদপত্র, হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্র, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক, নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস) ও হিজড়া কোটা প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত সনদপত্র জমা দিতে হবে।

ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের বিভিন্ন কোটায় আসন বন্টন নিম্নরূপ:

ক) মুক্তিযোদ্ধার সন্তান ৫% আসনে ভর্তি করা হবে।
খ) ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের জন্য ১% আসনে ভর্তি করা হবে।
গ) হরিজন ও দলিত সম্প্রদায় ১% আসনে ভর্তি করা হবে।
ঘ) প্রতিবন্ধী প্রার্থীদের ১% আসনে ভর্তি করা হবে।

কোটায় ভর্তির আসন পূর্ণ না হলে মেধা থেকে শূণ্য আসনসমূহ পূরণ করা হবে।

Dean (Acting)
Faculty of Business Studies
University of Dhaka.

এছাড়া নির্ধারিত আসন সংখ্যার বাহিরে পোষ্য সুবিধার উপযুক্ত প্রার্থীকে অনলাইনে প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য

ক। ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ফরমের সাথে প্রয়োজনীয় সনদপত্র যথা- মার্কসীট ও সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ছাড়াও যে সব কাগজ জমা দিতে হবে সেগুলো হচ্ছে:

- প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সেই প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র।
- উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।
- মাধ্যমিক শ্রেণির রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং ৫ কপি পাসপোর্ট সাইজ ছবি।

খ। অনলাইন ভর্তি ফরম পূরণের সময় কোটা-সংক্রান্ত যাবতীয় তথ্য দিতে হবে। পরবর্তীতে এ বিষয়ে কোনো নতুন অন্তর্ভুক্তি গ্রহণ করা হবে না।

গ। পরীক্ষার হলে ক্যালকুলেটর, মোবাইল ফোন বা তদ্রুপ কোনো ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।

ঘ। পরীক্ষার দিন থেকে ৩০ কার্য দিবসের মধ্যে ফলাফল প্রকাশ করা হবে।

Dean (Acting)
Faculty of Business Studies
University of Dhaka.